

আমিষেই শক্তি
আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.mofl.gov.bd



স্মারক নং- ৩৩.০০.০০০০.১০৯.২৫.০২১.২৪-৪৯

তারিখ: ৮ মাঘ ১৪৩২
২২ জানুয়ারি ২০২৬

ইন্টার্নশিপ আস্থান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক ৩ (তিন) মাস মেয়াদে ০৪ (চার) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো:

- ১। এই ইন্টার্নশিপ স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:
(১) Animal Breeding & Genetics, (২) Animal Science, (৩) Animal Nutrition, (৪) Dairy Science, (৫) Poultry Science, Doctor of Veterinary Medicine (DVM), (৬) Fisheries Biology and Genetics, (৭) Aquaculture, (৮) Fisheries Management, (৯) Fisheries Technology এবং (১০) Marine Fisheries Science সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারী।
- ২। **আবেদনের যোগ্যতা:**
 - (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
 - (খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উপর্যুক্ত বিষয়সমূহে স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
 - (গ) স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে এবং
 - (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর বিধান মোতাবেক একজন প্রার্থী শুধুমাত্র একবার ইন্টার্নশিপ করতে পারবে।
- ৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতিত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
- ৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীনে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
- ৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোন প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

(চলমান পাতা-২)

- ১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন-কানুন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে <https://bit.ly/mofl-internship> লিংকে প্রবেশ করে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত স্থানে রশ্মিন ছবি ও স্বাক্ষর (ছবি: দৈর্ঘ্য ৩০০ X ৩০০ pixel ও স্বাক্ষর: দৈর্ঘ্য ৩০০ X ৮০ pixel) আপলোড করতে হবে।
- ১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রশ্মিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শন পূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।



(মোঃ নবীকুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৫৫১০০৪০৭

ই-মেইল: administration-3@mofl.gov.bd